

আজি প্রেমানন্দে মন রে গাহ রামকৃষ্ণনাম ।

গাহ রামকৃষ্ণনাম জপ রামকৃষ্ণনাম

নাম সুধাপানে রহ মত্ত অবিরাম ॥

কামারপুরুর হ'ল পুণ্য ব্রজধাম  
সখাগণ লয়ে খেলে লীলা অবিরাম  
(যেন) মানস-পুরুরে ভাসে ছবি সুঠাম । ।

নমো নমো চন্দ্রাদেবী নমো ক্ষুদ্রিম  
কৃপাময়ী মা জননী লহ গো প্রণাম ।

জয়রামবাটির মাটি চলন সমান  
আমার মা জননীর জন্মভূমি মহাতীর্থস্থান  
মায়ের চরণে শরণ নিলে পুরে মনস্কাম । ।

- প্রমথনাথ গান্ডুলী -

পরম গুরু সিদ্ধ ঘোগী মাত্তুভক্ত যুগাবতার ।  
 পরমহংস শ্রীরামকৃষ্ণ লহ প্রণাম নয়স্কার ॥  
 জাগালে ভারত শ্বশাণ তীরে, অশিবনশিনী মহাকালীরে;  
 মাত্তুনামের অমৃতনীরে ভাসালে নিজ ভারত আবার ॥  
 সত্যযুগের পুণ্যসূতি, আনিলে কলিতে তুমি তাপস,  
 পাঠালে ভারত দেশে দেশে খষি-পুণ্য-তীর্থ-বারি-কলস ।  
 মন্দিরে মসজিদে গীর্জায়, পূজিলে ত্রঙ্গে সমশ্বন্দায়,  
 তব নাম মাখা প্রেম নিকেতনে ভরিয়াছে তাই ত্রিসংসার ॥

- নজরুল ইসলাম -

জয় বিবেকানন্দ সন্ন্যাসীবীর চীর-গৈরিক-ধারী  
 জয় তরুণ ঘোগী শ্রীরামকৃষ্ণ-ব্রত-সহায়কারী ।  
 যজ্ঞাহৃতির হোম-শিখাসম, তুমি তেজস্বী তাপস পরম ।  
 ভারত-অরিন্দম, নমো নমঃ, বিশ্ব-মঠ-বিহারী ॥  
 মদগুরিত বল-দপ্তীর দেশে মহাভারতের বাণী  
 শুনায়ে বিজয়ী ঘুচাইলে স্বদেশের অপযশ গ্লানি ।  
 নব ভারতে আনিলে তুমি নব বেদ, মুছে দিলে জাতি ধর্মের ভেদ;  
 জীবে ঈশ্বরে অভেদ আত্মা জানাইলে উচ্চারি ॥

- নজরুল ইসলাম -

বলরে জবা বল -  
 কোন্ সাধনায় পেলি শ্যামা মায়ের চরণতল ?  
 মায়া তরুর বাঁধন টুটে, মায়ের পায়ে পড়লি লুটে,  
 মুক্তি পেলি, উঠলি ফুটে আনন্দবিহুল ।  
 তোর সাধনা আমায় শেখা জীবন হোক সফল ॥  
 কোটি গক্ষে কুসুম ফুটে বনে মনোলোভা -  
 কেমনে মার চরণ পেলি তুই তামসী জবা;  
 তোর মত মার পায়ে রাতুল হব কবে প্রসাদী ফুল  
 কবে উঠবে রেঙে ওরে মায়ের পায়ের ছেঁয়া লেগে,  
 কবে তোরই মত রাঙ্গবে রে মোর মলিন চিন্দল ॥

- নজরুল ইসলাম -